

জলে বাপ্তিস্ম

নোহ এবং অন্যান্য ব্যক্তিগণ যাঁরা বাধ্যতায়ুক্ত বিশ্বাসের আদর্শ ছিলেন

প্রার্থনা : “পিতা, তুমি যাদের তোমার নিজের কাছে এনেছ এবং আমাদের উপাসক মণ্ডলীর উপর যাদের ভার অর্পণ করেছ তাদের বাপ্তিস্মের মাধ্যমে গ্রহণ করতে সাহায্য কর। দয়া করে তোমার বাক্য অনুসারে বাপ্তিস্মের মাধ্যমে বিশ্বাসীদের পাপে মৃত্যুবরণ করতে এবং নূতন, পবিত্র অনন্ত জীবনে উত্থিত হওয়ার জন্য সাহায্য করতে এই অধ্যয়নটি ব্যবহার কর।”

১. প্রার্থনা এবং ঈশ্বরের বাক্যের দ্বারা আপনার হৃদয় প্রস্তুত করুন।

মথি ৩ অধ্যায় থেকে খুঁজে বের করুন :

- কি ধরনের লোকদের বাপ্তিস্মের প্রয়োজন, ১-৬ পদ (উত্তর : খারাপ লোকদের)
- যে লোকেরা বাপ্তিস্ম গ্রহণের বিষয় নিজেদের যথেষ্ট উত্তম ভাবতো, যোহন সেই ধর্মীয় লোকদের কি বলে অভিহিত করেছিলেন? (উত্তর : ৭ পদ)
- প্রয়োজন না থাকলেও যীশু কেন বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন? (উত্তর : ১৩-১৫ পদ, সমস্ত ধার্মিকতা সাধন করার জন্য।)



- পিতার নোহের জাহাজের সঙ্গে যীশুর পুনরুত্থিত দেহের তুলনা করেছিলেন (১ পিতর ৩:১৮-২২)।
- যাইহোক, কোন প্রকাণ্ড জাহাজ বা উড়োজাহাজ আমাদের স্বর্গে নিয়ে যেতে পারবে না। যেভাবে নোহ এবং তাঁর পরিবার প্রাচীন জাহাজে রক্ষা পেয়েছিলেন, ঠিক সেইভাবে ঈশ্বর আমাদের স্বর্গে নূতন জীবনে উত্থিত করবেন, কারণ আমরা যীশুর পুনরুত্থিত দেহের মধ্যে আছি।

রোমীয় ৬:১-১৪ পদের মধ্যে খুঁজে দেখুন :

- ঈশ্বর আমাদের কোন্ বিষয়ের মৃত্যুর কথা বলেছেন?
- পাপের সম্বন্ধে মৃত্যুর ন্যায় বাপ্তিস্মে আমরা কার সঙ্গে সমাধি প্রাপ্ত হই?
- যীশুর সঙ্গে সমাধি প্রাপ্ত হওয়ায়, কিভাবে আমরা তাঁর সঙ্গে একাত্ম হই?
- তাঁর পুনরুত্থানের সঙ্গে একাত্ম হওয়ার পূর্বে, যীশুর সঙ্গে কি ত্রুশবিদ্ধ করা হয়েছে?
- খ্রীষ্টের সঙ্গে আমাদের পুরাতন প্রকৃতিকে ত্রুশবিদ্ধ করার পর ৬-১৪ পদ অনুসারে আমাদের অঙ্গ প্রত্যঙ্গকে কি ধরনের অস্ত্র দান করা হয়েছে?

স্বর্গে আরোহন করার পূর্বে খ্রীষ্টের শেষ মহান আদেশের বিষয়টি মথি ২৮:১৮-২৮ পদে খুঁজে দেখুন।

- যীশু শিষ্য তৈরী করার জন্য তাঁর শিষ্যদের কি করতে বলেছিলেন? (উত্তর : পিতা পুত্র এবং পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম দিতে এবং তাঁর আজ্ঞাসকল পালন করতে তাদের শিক্ষা দিতে বলেছিলেন।)

- কার কর্তৃত্ব দ্বারা আমরা নূতন বিশ্বাসীদের বাপ্তিস্ম দান করি? (উত্তরঃ ১৮ পদ, যীশুর কর্তৃত্বে।)
- কোন্ কোন্ জাতিকে আমরা শিষ্য করব? (উত্তরঃ ১৯ পদ, সমুদয় জাতিকে।)
- প্রেরিত ২ঃ৩৭-৪৭ পদে খুঁজে দেখুনঃ
- পিতর লোকেদের কি করতে বলেছিলেন, তারা যখন তাঁর বাণী গ্রহণ করেছিলেন (উত্তরঃ ৩৭-৩৮ পদ)
- যারা অনুতপ্ত হয়ে বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন তাদের জন্য পিতর কোন্ দুটি আশীর্বাদের বিষয় প্রতিজ্ঞা করেছিলেন? (উত্তরঃ ৩৮ পদ)
- যারা খ্রীষ্টকে গ্রহণ করতেন তাদের প্রেরিতগণ কত দ্রুত বাপ্তিস্ম দিতেন এবং নিজেদের উপাসক মণ্ডলীর অন্তর্ভুক্ত করতেন। (উত্তরঃ ৪১-৪২ পদ)
- নূতন বাপ্তিস্ম গ্রহণকারী লোকেরা তৎক্ষণাৎ কি করতে শুরু করতেন। (উত্তরঃ ৪২ পদ)

প্রেরিত ১৬ঃ১৩-৪০ পদে খুঁজে দেখুনঃ

- কোন্ দুটি পরিবার যীশুকে বিশ্বাস করে তাদের সঙ্গে যোগ দিয়েছিলেন এবং বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন? (উত্তরঃ ১৩-১৫ পদ এবং ২৫-৩১ পদ)
- যে ব্যক্তি যীশুর প্রতি সাড়া দেন কেন আমরা তৎক্ষণাৎ তাঁর গৃহে পৌঁছানোর চেষ্টা করি। (উত্তরঃ ৩১ পদ। এছাড়াও প্রেরিত ১৮ঃ৮ পদে আমরা আরেকটি উদাহরণ দেখতে পাই যেখানে সম্পূর্ণ পরিবার একসাথে বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন।)

২. সপ্তাহের কার্যকলাপের বিষয় আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুনঃ

যে নূতন বিশ্বাসীগণ এখনও এইভাবে যীশুর বাধ্য হওয়ার মাধ্যমে আশীর্বাদ লাভ করেন নি, তাদের বাপ্তিস্ম দানের ব্যবস্থা করুন।

যে কোন একটি নূতন বিশ্বাসীর সঙ্গে সাক্ষাৎ করুন, যিনি বাপ্তিস্মের প্রয়োজন বুঝতে পারেন নি।

তাদের কাছে, এই বিষয়টি ব্যাখ্যা করুন এবং বাপ্তিস্মের ব্যবস্থা করুন।

আপনি যখন লোকদের কাছে সুসমাচার বলবেন, তখন তাদের কাছে ব্যাখ্যা করুন যে তাদের পুরাতন বিশ্বাস থেকে এবং জীবনধারা থেকে অবশ্যই ফিরে আসতে হবে এবং খ্রীষ্টে নূতন জন্ম লাভ করতে হবে। বাপ্তিস্মদানের বিষয় অনর্থক বিলম্ব না করে তাদের বিশ্বাস ও অনুতাপের বিষয়টিকে সুনিশ্চিত করুন।

জনসম্মুখে বাপ্তিস্ম দান যদি বিপজ্জনক হয়, তবে তাদের গোপনভাবে বা ব্যক্তিগতভাবে বাপ্তিস্মে দিন, ফিলিপ যেমন ইথিয়পীয় নপুৎসককে (প্রেরিত ৮ঃ২৭-৪০) বাপ্তিস্ম দিয়েছিলেন এবং পৌল যেমন ফিলিপীয় কারারক্ষী ও তাঁর পরিবারকে (প্রেরিক ১৬ঃ২৯-৩৪) বাপ্তিস্ম দিয়েছিলেন।

বাপ্তিস্মের সময় কিছু মানুষ তাঁর নাম পরিবর্তন করতে চান।

৩. আসন্ন আরাধনার সময়ের জন্য পরিকল্পনা করুন।

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

ব্যাখ্যা করুন নোহ যেমন জাহাজ তৈরীর সময় ঈশ্বরের বাধ্য হয়েছিলেন, সেইভাবে আমাদেরও অবশ্যই যীশুর বাধ্য হতে হবে। (অংশ ১ দেখুন)

আদি ৬-৯ অধ্যায় থেকে নোহের গল্পটি সংক্ষেপে পর্যালোচনা করুন।

ব্যাখ্যা করুন, যীশুর পুনরুত্থিত দেহ কিভাবে নোহের জাহাজটির সঙ্গে অনুরূপতা প্রকাশ করে।

শিশুদের বড়দের কাছে নোহের গল্পের নাটকটি উপস্থাপিত করতে বলুন। বড়দের জিজ্ঞাসা করার জন্য তারা প্রশ্নও প্রস্তুত করে থাকতে পারে।

রোমীয় ৬ঃ১-১৪ পদে ব্যাখ্যা করুন যে বাপ্তিস্মে আমরা খ্রীষ্টের সঙ্গে মৃত্যুবরণ করি এবং নূতন জীবনে উত্থিত হই (ভাগ ১ দেখুন)।

মথি ৩ অধ্যায় থেকে বাপ্তিস্মদাতা যোহনের বিষয় ব্যাখ্যা করুন (ভাগ ১ দেখুন)।

- যোহন কেন ধর্মীয় ব্যক্তিদের বাপ্তিস্ম দিতে অস্বীকার করেছিলেন, কিন্তু খুব খারাপ লোকদের বাপ্তিস্ম দিয়েছিলেন?
- যীশুকে কেন বাপ্তিস্ম দেওয়া হয়েছিল?

যীশু কিভাবে শিষ্য তৈরী করতে বলেছিলেন সেই বিষয়টি ব্যাখ্যা করুন, মথি ২৮ঃ১৮-২০ (ভাগ ১ দেখুন)।

ব্যাখ্যা করুন পরিত্রাণ লাভের জন্য পিতার লোকদের কি করতে বলেছিলেন, প্রেরিত ২ঃ৩৭-৪১ (ভাগ ১ দেখুন)।

ব্যাখ্যা করুন, প্রেরিতগণ কিভাবে সমগ্র পরিবারকে বাপ্তিস্ম দিয়েছিলেন, প্রেরিত ১৬ঃ৩৯ এবং যারা যীশুর প্রতি সাড়া দান করেন আমরা তৎক্ষণাৎ তার পরিবারে পৌঁছতে চেষ্টা করি কেন (ভাগ ১ দেখুন)।

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য আদি ৮ঃ১৪-২২ পদ পাঠ করুন এবং ব্যাখ্যা করুন যে নোহের নূতন পৃথিবী এবং নিষ্পাপ বলিদানের রক্ত দ্বারা শুরু হয়েছিল। যীশুর ত্রুশী বলিদান এই প্রয়োজনকে চিরকালের জন্য সাধন করেছিল।

প্রেরিত ২ঃ৩৮ পদ মুখস্থ করুন।

২ রাজা ৫ অধ্যায় থেকে অরাম-রাজের সেনাপতি নামানের গল্পটি বলুন অথবা অভিনয় করান।

- কিভাবে তিনি ঈশ্বরের বাধ্য হয়েছিলেন সেই বিষয়ে বলুন।
- ব্যাখ্যা করুন যে যর্দন নদী যেভাবে নামানের কুষ্ঠ শুচি করেছিল। তেমনভাবে বাপ্তিস্মের জল আর কখনও আমাদের পাপ শুচি করতে পারে না। ঈশ্বর ইহা করেন।